লেন্স এশিয়া

৭ নভেম্বর, ২০২৫

# গাজায় ত্রাণ প্রবেশে বাধা সৃষ্টি করছে ইসরায়েল, অভিযোগ জাতিসংঘের



সংগৃহীত ছবি

গাজায় যুদ্ধবিরতির পরও মানবিক সহায়তা কার্যক্রমে ইসরায়েলের বাধা অব্যাহত রয়েছে বলে অভিযোগ করেছে জাতিসংঘ। সংস্থাটির তথ্য অনুযায়ী, সম্প্রতি ইসরায়েল গাজায় পাঠানোর জন্য আবেদন করা ১০৭টি ত্রাণবাহী ট্রাকের অনুমতি বাতিল করেছে। এই ট্রাকগুলোতে ছিল শীতবস্ত্র, কম্বল, বিশুদ্ধ পানি ও জরুরি ওষুধসহ প্রয়োজনীয় সরঞ্জাম। শুক্রবার (৭ নভেম্বর) কাতারভিত্তিক সংবাদমাধ্যম আল জাজিরা এ তথ্য প্রকাশ করে।

জাতিসংঘের মুখপাত্র ফারহান হক জানান, যুদ্ধবিরতির পর ত্রাণবাহী যানবাহন প্রবেশের বেশিরভাগ আবেদনই স্থানীয় ও আন্তর্জাতিক মানবিক সংস্থাগুলোর পক্ষ থেকে করা হয়েছিল। “ইসরায়েলি কর্তৃপক্ষ এসব অনুরোধের মধ্যে প্রায় ৯০ শতাংশ প্রত্যাখ্যান করেছে,” তিনি বলেন।

তিনি আরও জানান, গাজায় চলমান হামলা শুধু বেসামরিক নাগরিকদের জন্য নয়, বরং সহায়তা বিতরণ কার্যক্রমের জন্যও বড় ঝুঁকি হয়ে দাঁড়িয়েছে। তার ভাষায়, “প্রতিদিন একাধিক এলাকায় ঘনবসতিপূর্ণ আবাসিক ভবন ধ্বংস হচ্ছে। বিশেষ করে পূর্ব খান ইউনিস, গাজা সিটি ও রাফাহ অঞ্চলে পরিস্থিতি ভয়াবহ।”

জাতিসংঘের মতে, এসব বাধা ও হামলার কারণে গাজার মানবিক সংকট আরও গভীর হচ্ছে। ত্রাণ কার্যক্রম স্থবির হয়ে পড়ায় সাধারণ মানুষ খাদ্য, পানি ও চিকিৎসা সেবার তীব্র অভাবে দিন কাটাচ্ছে। সংস্থাটি আন্তর্জাতিক সম্প্রদায়ের প্রতি আহ্বান জানিয়েছে, যেন অবিলম্বে সহায়তা প্রবেশের নিশ্চয়তা দেওয়া হয় এবং মানবিক বিপর্যয় রোধে কার্যকর ব্যবস্থা নেওয়া হয়।

LENS ASIA